4

ভোরের কাগজ

তারিখ 06 AUG 1998
পৃষ্ঠা ১২ কলাম ৩

### প্রথম জাতীয় কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা

# মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার কোর্স চালুর সিদ্ধান্ত হয়েছে : প্রধানমন্ত্রী

**কাগজ প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার কোর্স চালুর জন্য সরকার সিদ্ধান্ত নিয়েছে। তিনি জানান, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন স্কুলে কম্পিউটার সরবরাহ করার একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।

গতকাল বুধবার হোটেল শেরাটনে ইংরেজি দৈনিক ডেইলি স্টারের সহযোগিতায় প্রশিকা আয়োজিত প্রথম জাতীয় কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা '৯৮ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন।

গতকাল সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন অধ্যাপক আবদুল মতিন পাটোয়ারী। পরে শুরু হয় ৪ ঘণ্টাব্যাপী প্রতিযোগিতা। প্রতিযোগিতায় ৩ সদস্য বিশিষ্ট প্রত্যেক দলকে ৮টি করে সমস্যা দেওয়া হয়। সমস্যাগুলোকে কম্পিউটার থিংকিং এবং কম্পিউটার ভাষায় রূপান্তর করাকেই সমাধান বলা হয়।

১৫টি বিশ্ববিদ্যালয়সহ দেশ বিদেশের স্কুল, কলেজ, ইনস্টিটিউটসহ ২৫টি প্রতিষ্ঠানের ৫০টি দল এতে অংশ নেয়। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সর্বাধিক ১৫টি টিম অংশগ্রহণ করে। অংশগ্রহণ করে সিলেটের ব্রিটিশ-বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলও। ৫০টি মধ্যে ১৮টি টিম কমপক্ষে একটি করে সমস্যার সমাধান করে। এরমধ্যে ব্রিটিশ-বাংলাদেশ স্কুলের ছাত্ররা একটি সমস্যার সমাধান করে।

বিকালে অনুষ্ঠিত হয় পুরস্কার বিতরণী সভা। অনুষ্ঠানে দেওয়া ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ একটি কম্পিউটার শিক্ষায় শিক্ষিত ও তথ্য প্রযুক্তি সমৃদ্ধ জাতি হিসেবে আবির্ভূত হতে চায়। অধ্যাপক আবদুল মতিন পাটোয়ারীর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. মহিউদ্দিন খান আলমগীর, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, ড. আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন, মাহফুজ আনাম, ড. কাজী ফারুক আহমদ, জাকারিয়া স্বপন প্রমুখ।

প্রতিযোগিতার উপদেষ্টা পরিষদের কো চেয়ারম্যান অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী ভোরের কাগজকে বলেন, এই প্রতিযোগিতার মাধ্যমে আন্তর্জাতিক মানের ক্ষেত্রে আমাদের স্ট্যান্ডার্ড বোঝা যাবে। এছাড়া বিভিন্ন কোম্পানির কর্মকর্তারা এই প্রতিযোগিতায় এসেছিলেন। তারা এই প্রতিযোগিতা থেকে তাদের কোম্পানির জন্য প্রতিযোগীদের পারফরমেন্স অনুযায়ী লোক নিয়োগের চেষ্টা করবে।

প্রশিকার কম্পিউটার বিভাগের ম্যানেজার জাকারিয়া স্বপন জানান, আগামী ডিসেম্বরে স্কুলের ছাত্রদের জন্য একটি কম্পিউটার প্রতিযোগিতার আয়োজন করবে।

● ছবি– পৃষ্ঠা ২